



দৈনিক পূর্বকোণ

চট্টগ্রাম জুজুবার ৮ এপ্রিল ২০২২

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত



রেজিঃ নম্বর-৫-৮৯।। ৩৭তম বর্ষ ৫৫তম সংখ্যা।। ২৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।। ৬ রমজান ১৪৪৩ হিজরি।। Friday 8 April 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৩ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net f/DailyPurbokone t/DailyPurbokone

প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় ড. অনুপম সেনের সাথে ল' এলামনাই নেতৃবৃন্দের মতবিনিময় সভা

প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সাথে মতবিনিময় করেছেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় ল' এলামনাই এসোসিয়েশনের কার্য নির্বাহী কমিটির নব নির্বাচিত নেতৃবৃন্দ। গতকাল রবিবার উপাচার্যের বাস ভবনে এই মতবিনিময় অনুষ্ঠিত হয়। এসময় ড. অনুপম সেন ২০২২-২৩ সালের জন্য নির্বাচিত প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় ল'



প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সাথে মতবিনিময় করেছেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় ল' এলামনাই এসোসিয়েশন নেতৃবৃন্দ

অ্যালামনাই এসোসিয়েশন নেতৃবৃন্দকে সেবার মন মানসিকতা নিয়ে দেশ ও জনগণের পক্ষে কাজ করার আহ্বান জানান। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় ল' অ্যালামনাই এসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি সিনিয়র সহকারী জজ মো. সাইফুল আলম চৌধুরী, সিনিয়র সহ-সভাপতি এড. রুমানা ইয়াছমিন, সহ-সভাপতি এড. মোকারকম হোসাইন, সাধারণ সম্পাদক এড. মো. রেজাউল করিম রনি, এড. মো. মিজান উদ্দিন, এড. সৈয়দ মো. শাহেদ উল্লাহ প্রমুখ। এছাড়া আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা মঞ্জুলীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পরে নেতৃবৃন্দ প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সাবেক মেয়র মরহুম আলহাজ এবিএম মহিউদ্দিন চৌধুরীর কবর জেয়ারত করে পুষ্পস্তবক অর্পণ করেন।-বিজ্ঞপ্তি